যে ব্যক্তি গভীর রাত্রিকে ভয় করে সে যেন সন্ধ্যা রাত্রেই সফর শুরু করে। আর যে ব্যক্তি সন্ধ্যারাত্রে চলতে শুরু করে সে গন্তব্যস্থলে পৌঁছে যায়। সাবধান! আল্লাহর পণ্য বড় দামী। শোনো! আল্লাহর পণ্য হলো জান্নাত।

আবূ হুরায়রা রাদিয়াল্লাহু আনহু থেকে মরফূ হিসেবে বর্ণিত, “যে ব্যক্তি গভীর রাত্রিকে
ভয় করে সে যেন সন্ধ্যা রাত্রেই সফর শুরু করে। আর যে ব্যক্তি সন্ধ্যারাত্রে চলতে শুরু করে সে গন্তব্যস্থলে পৌঁছে যায়। জেনে রেখো! আল্লাহর পণ্য বড় দামী। শোনো!
আল্লাহর পণ্য হলো জান্নাত।”
[সহীহ] [এটি তিরমিযী বর্ণনা করেছেন।]

যে ব্যক্তি আল্লাহকে ভয় করে সে যেন পাপ থেকে দূরে থাকে এবং আল্লাহর গোলামী করতে আপ্রাণ চেষ্টা করে। অতএব আল্লাহর কাছে যে ভোগ-সামগ্রী রয়েছে তা বড় দামী, আর সেটি হচ্ছে জান্নাত। যেটি দামের যোগ্য নয়। তবে হ্যাঁ, জান-মাল ব্যয় করে তা অর্জন করা যাবে।

http://www.sunnah.global/hadeeth/bn/show/5434